ইনকিলাব

তারিখ ... JUL 0 5 2006 ...
পৃষ্ঠা ৩ কলাম ৪

# বুয়েটে সেশনজট বেড়ে গেছে

শাহজাহান শুভ ঃ দেশের অধিকাংশ বিশ্ববিদ্যালয়ে সেশনজট কমে আসলেও বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় বুয়েটে তা কয়েক গুণ বেড়ে গেছে। সর্বশেষ নির্বিঘ্নে বিশ্বকাপ ফুটবল দেখার অজুহাতে শিক্ষার্থীদের আন্দোলনের মুখে প্রশাসন বাধ্য হয়ে পরীক্ষা পিছিয়ে দিলে আরো প্রায় ৩ মাসের নতুন সেশনজটে পড়ে বুয়েট। ফলে সব মিলিয়ে ৯ মাসের সেশন জটের কবলে পড়েছে বিশ্ববিদ্যালয়টি। গত কয়েকদিন আগে পরবর্তী পরীক্ষার সময়সূচী ঘোষণার পর শিক্ষার্থীদের কাছে সেশনজটের বিষয়টি পরিষ্কার হয়ে উঠে। নতুন সময়সূচী অনুযায়ী আগামী ১ আগস্ট পরীক্ষা শুরু হওয়ার কথা রয়েছে। এদিকে সেশনজটের খবরে বিশ্ববিদ্যালয়ের সাধারণ শিক্ষার্থী ও শিক্ষকদের মাঝে তীব্র ক্ষোভের সৃষ্টি হয়েছে। খোদ বুয়েটের ভিসি প্রফেসর ড. আলী মুর্তাজাও ক্ষোভ প্রকাশ করে বলেন, বিশ্বকাপ খেলা দেখার নামে বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা পিছানোর আন্দোলন বুয়েটের শিক্ষাবিরোধী। ধ্বংসাত্মক কর্মসূচীর মাধ্যমে পরীক্ষা পেছানোয় কমপক্ষে তিন মাস পিছিয়ে গেল বুয়েট।

জানা গেছে, বুয়েটে ৪ বছরের বিএসসি ও ১ বছরের এমএসসি নিয়ে ৫ বছরের কোর্সে মোট ৬টি বর্ষ থাকার কথা রয়েছে। কিন্তু বিভিন্ন মেয়াদী সেশনজটের কারণে বর্তমানে বুয়েটে ৭টি বর্ষ রয়েছে। ২০০২ সালে সনি হত্যা ঘটনা এবং ছাত্র রাজনীতি বন্ধে কর্তৃপক্ষের পদক্ষেপ নিয়ে বুয়েটে তীব্র আন্দোলন শুরু হয়। সে আন্দোলনকে কেন্দ্র করে বুয়েটে প্রায় ৪ মাসের সেশনজটের সৃষ্টি হয়। পরে ২০০৩ সালে বাম ছাত্র সংগঠনের দু'দফা আন্দোলনে সৃষ্টি হয় প্রায় এক মাসের সেশনজট। এছাড়া ২০০৪ সালের ছাত্রলীগ ও বাম ছাত্র সংগঠনের আন্দোলন এবং বন্যার কারণে ২০ দিনের মতো সেশনজটের সৃষ্টি হয়। সর্বশেষ গত মে মাসে কোর্স শেষ করতে পারেনি এই অজুহাতে ফাইনাল পরীক্ষা পেছানোর আন্দোলনে নামে ছাত্ররা। ২৭ মে পরীক্ষা শুরু হওয়ার কথা থাকলেও আন্দোলনের মুখে বুয়েট কর্তৃপক্ষ ৩ জুন পর্যন্ত পরীক্ষা পেছায়। কিন্তু ৯ জুন শুরু হওয়া ফুটবল দেখার অজুহাতে নুতন ক জুনিয়র কিছু ছাত্র আবারো পরীক্ষা পেছানো আন্দোলন গড়ে তুলে। ধর্মঘট ডেকে অচ করে রাখে ক্যাম্পাস। পরে বাধ্য হ কর্তৃপক্ষ সকল পরীক্ষা স্থগিত এবং ক্যাম্পা বন্ধ ঘোষণা করে।

এদিকে গত জুনের মাঝামাঝি সম একাডেমিক কাউন্সিলের এক সভায় পরীক্ষা নতুন সময়সূচী নির্ধারণ করা হয়। সময়সূ অনুযায়ী পূর্বঘোষিত মে মাসের এই পরী আগামী ১ আগস্ট শুরু হবে। নির্দিষ্ট সময়ে দুই মাসেরও অধিক পরে পরীক্ষা অনুষ্ঠি হওয়ায় ৩ মাসের নতুন সেশনজট সৃ হয়েছে বলে সংশ্লিষ্টরা জানিয়েছেন। এভা সৃষ্টি হওয়া সেশনজটের কারণে বর্তমা বুয়েটে ৭টি বর্ষ রয়েছে। টার্ম ও লেবেল জ নিয়ে ৯ মাসের সেশনজটের কব শিক্ষার্থীরা। বুয়েটের এ সেশনজট সম্প সরকারের সর্বোচ্চ মহল পর্যন্ত অবগত রয়ে বলে জানা গেছে এবং যত শীঘ্র স বুয়েটকে সেশনজটমুক্ত করতে সরকারে সর্বোচ্চ মহল থেকে বলা হয়েছে।